

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
ঢাকা, বাংলাদেশ।

পবিস নির্দেশিকা ২০০-৩৩

বিষয়ঃ পবিসসমূহের বিভিন্ন তহবিল ব্যাংকে বিনিয়োগ (এফডিআর) এর নীতিমালা

- ০১। উদ্দেশ্যঃ পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের বিভিন্ন তহবিল সুরক্ষার লক্ষ্যে ব্যাংকে বিনিয়োগ এর সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন।
- ০২। প্রাক-বিনিয়োগ করণীয়ঃ কমপক্ষে ০৩ মাস হতে ০৬ মাস পর্যন্ত সময়ের সম্ভাব্য আয় ও ব্যয় এর প্রক্ষেপণসহ নগদ তহবিল- প্রবাহ বিবরণী প্রস্তুত করতে হবে এবং তদভিত্তিতে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে, যাতে করে বিনিয়োগের মেয়াদ পূর্তির পূর্বে এফডিআর নগদায়ন করতে না হয়।
- ০৩। নীতিমালাঃ
- ৩.১। যে সকল ব্যাংক শাখা পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের বিদ্যুৎ বিল আদায়ে নিয়োজিত, শুধুমাত্র সে সকল ব্যাংক শাখায় বিনিয়োগ (এফডিআর) করা যাবে। তবে উক্ত ব্যাংক শাখাসমূহে বিনিয়োগের নিরাপত্তা বিবেচনা করতে হবে।
- ৩.২। সরকারি নিয়মানুযায়ী সরকারি এবং বে-সরকারি ব্যাংকে আনুপাতিক হারে (বেসরকারি ব্যাংকে সর্বোচ্চ ৫০%) বিনিয়োগ করা যাবে। এক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার অনুসরণ করতে হবে।
- ৩.৩। যে সকল ব্যাংক শাখা বিদ্যুৎ বিল আদায়ে কমপক্ষে ০৬ মাস যাবত নিয়োজিত আছে, সে সকল ব্যাংক শাখাকে এফডিআর দেয়া যাবে।
- ৩.৪। যে সকল ব্যাংক শাখা চুক্তি মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে সমিতির প্রধান ব্যাংক হিসাব-এ সংগৃহীত অর্থ স্থানান্তর করে থাকে, এফডিআর দেয়ার ক্ষেত্রে সে সকল ব্যাংক শাখাকে অগ্রাধিকার দিতে হবে। এক্ষেত্রে সর্বশেষ ০১ বছরের সংগৃহীত অর্থ স্থানান্তর কার্যক্রম বিবেচনা করা হবে।
- ৩.৫। বার্ষিক বিদ্যুৎ বিল আদায় অনুপাতে বিনিয়োগের আনুপাতিক হার নির্ধারিত হবে। তবে ব্যাংকের CAMELS RATING বিবেচনাপূর্বক অধিক সুদ প্রদানকারী ব্যাংক শাখায় সর্বোচ্চ ১০% অতিরিক্ত বিনিয়োগ করা যাবে।
- ৩.৬। বিদ্যুৎ বিল আদায়ের অনুপাত সর্বশেষ ০১ বছরের পরিমাণের উপর ভিত্তি করে নির্ধারণ করতে হবে।
- ৩.৭। যে সকল ব্যাংক শাখা এফডিআর, এসএনডি বা অন্য কোন হিসাব-এ অর্জিত সুদ সঠিকভাবে প্রদান করে না, সে সকল শাখায় বিনিয়োগ করা যাবে না।
- ৩.৮। যে সকল ব্যাংক শাখা চুক্তির শর্তানুযায়ী দৈনিক আদায় প্রতিবেদনসহ অন্যান্য বিবরণী নির্ধারিত সময়ের মধ্যে এবং সঠিকভাবে প্রদান করে না, সে সকল ব্যাংক শাখায় বিনিয়োগ করা যাবে না।
- ৩.৯। যে সকল ব্যাংক শাখা বিদ্যুৎ বিল আদায়ে অনীহা প্রকাশ করে, সে সকল ব্যাংক শাখায় বিনিয়োগ করা যাবে না।
- ৩.১০। যে সকল ব্যাংক শাখা ব্যাংকের প্রধান কার্যালয় এবং বাপবিবোর্ডের মধ্যে সম্পাদিত বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত চুক্তিপত্রের সকল শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করে না, সে সকল ব্যাংক শাখায় বিনিয়োগ করা যাবে না।
- ৩.১০। মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং ও এজেন্ট ব্যাংকিং নিয়ন্ত্রণকারী ব্যাংকসমূহ যদি আদায়কৃত বিদ্যুৎ বিলের অর্থ সমিতির প্রধান ব্যাংক হিসাব-এ যথাসময়ে স্থানান্তর না করে, সে ক্ষেত্রে উক্ত নিয়ন্ত্রণকারী ব্যাংকসমূহে বিনিয়োগ করা যাবে না।

রিভিশনঃ

পবিস নির্দেশিকা ২০০-৩৩				
প্রণয়নের তারিখ	প্রণয়নকারী	অনুমোদনকারী	পৃষ্ঠা	রিভিশন
১৯/০২/২০২০	উপদেষ্টা	বাপবিবো	১	-
রিভিশন তারিখ:				

(Md. Mozibur Rahman)
Consultant TAPP, BREB

(Md. Dujidul Islam)
Consultant TAPP, BREB

(Md. Mozammel Haq)
Consultant TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP, BREB

Debasish Chakraborty
PD, TAPP, BREB.

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

০৪। নীতিমালা প্রতিপালনঃ

পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের অর্থ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ বিভিন্ন তহবিলের বিনিয়োগ এর ক্ষেত্রে উপর্যুক্ত প্রাক-বিনিয়োগ করণীয় এবং বিনিয়োগের নীতিমালাসমূহ যথাযথভাবে প্রতিপালন করবেন এবং কোনরূপ ব্যত্যয় হলে তার জন্য সমিতির নির্বাহীসহ সংশ্লিষ্টগণ দায়বদ্ধ থাকবেন।


রিভিশনঃ

পবিস নির্দেশিকা ২০০-৩৩				
প্রণয়নের তারিখ	প্রণয়নকারী	অনুমোদনকারী	পৃষ্ঠা	রিভিশন
১৯/০২/২০২০	উপদেষ্টা	বাপবিবো	২	-
রিভিশন তারিখ:				


(Md. Mozibur Rahman)
Consultant TAPP, BREB


(Md. Dumdul Islam)
Consultant TAPP, BREB


(Md. Mozammel Haq)
Consultant TAPP, BREB


(Md. Abdul Khaleque)
Consultant TAPP, BREB


(Md. Ahsanul Haque)
Consultant TAPP, BREB


Debasish Chakraborty)
TAPP, BREB


(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০